

উপজেলা পরিষদের কার্যাবলী:

১। পাঁচসালা ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী করা।
২। পরিষদের নিকট হস্তান্তরিত বিভিন্ন সরকারী দপ্তরের কর্মসূচী বাস্তবায়ন এবং উক্ত দপ্তরের কাজকর্ম সমূহের তত্ত্বাবধান ও সমন্বয় করা।
৩। আন্তঃ ইউনিয়ন সংযোগকারী রাস্তা নির্মাণ, মেরামত ও রক্ষনাবেক্ষন করা।
৪। ভূ- উপরিস্থ পানি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য সরকারের নির্দেশনা অনুসারে উপজেলা পরিষদ ক্ষুদ্র সেচ প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন।
৫। জনস্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরন।
৬। স্যানিটেশন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন এবং সুপেয় পানীয় জলের সরবরাহ ব্যবস্থা গ্রহন।
৭। (ক) উপজেলা পর্যায়ে শিক্ষা প্রসারের জন্য উদ্ভুদ্ধকরণ এবং সহায়তা প্রদান। (খ) মাধ্যমিক শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির কার্যক্রম তদারকি ও উহাদিগকে সহায়তা প্রদান।
৮। কুটির ও ক্ষুদ্র শিল্প স্থাপন ও বিকাশের লক্ষ্যে কার্যক্রম গ্রহন।
৯। সমবায় সমিতি ও বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কাজে সহায়তা প্রদান এবং উহাদের কাজের সমন্বয় সাধন।
১০। মহিলা , শিশু, সমাজকল্যাণ এবং যুব ,ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমে সহায়তা প্রদান এবং বাস্তবায়ন করা।
১১। কৃষি, গবাদি পশু, মৎস্য এবং বনজ সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন।
১২। উপজেলার আইন - শৃংখলা পরিস্থিতির উন্নয়নসহ পুলিশ বিভাগের কার্যক্রম আলোচনা এবং নিয়মিত উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরন।
১৩। আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের জন্য নিজ উদ্যোগে কর্মসূচী গ্রহন, বাস্তবায়ন এবং এতদসম্পর্ক সরকারী কর্মসূচী বাস্তবায়নে সরকারকে প্রয়োজনীয় সহায়তা দিতে হবে।
১৪। ইউনিয়ন পরিষদের উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধন ও পরীক্ষণ এবং প্রয়োজনীয় সহায়তা দিতে হবে।
১৫। নারী ও শিশু নির্যাতন ইত্যাদি অপরাধ সংগঠিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টিসহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহন।
১৬। সন্ত্রাস, চুরি, ডাকাতি, চোরাচালান, মাদক দ্রব্য ব্যবহার ইত্যাদি অপরাধ সংগঠিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টিসহ অন্যান্য প্রতিরোধ মূলক কার্যক্রম গ্রহন।
১৭। পরিবেশ সংক্ষন ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়ন সহ অন্যান্য কার্যক্রম গ্রহন।
১৮। সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

১৯। বিস্তারিত:
• উপজেলা পরিষদ তহবিল সংক্রান্ত সকল বিষয়।
• পরিষদ তহবিল বহির্ভূত ব্যয়ের ক্ষমতা প্রদান সংক্রান্ত।
• ট্যাক্স, রেইটস, টোলস এবং ফিস আরোপের প্রস্তাব।
• উপজেলা পরিষদের বার্ষিক বাজেট, বার্ষিক হিসাব বিবরণী ও সংশোধিত বাজেট।
• উপজেলা পরিষদের ব্যয়ের অডিট।
• পাঁচসালা ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী করা।
• পরিষদের নিকট হস্তান্তরিত বিভিন্ন সরকারী দপ্তরের কর্মসূচী বাস্তবায়ন এবং উক্ত দপ্তরের কাজ-কর্ম সমূহের তত্ত্বাবধান ও সমন্বয় করা।
• পরিষদ কর্তৃক কাজ বাস্তবায়নের বিভিন্ন চুক্তি প্রক্রিয়াকরণ।
• বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন।
• উপজেলার আইন-শৃঙ্খলা অবস্থা পর্যালোচনা।
• উপজেলার ত্রাণ ও পূর্ণবাসন কাজ পর্যালোচনা।
• উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নতব্য কাজের প্ল্যান এবং এস্টিমেট অনুমোদন।
• বাস্তবায়িত সকল ধরনের উন্নয়ন কাজের অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন।
• পরিষদ কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা।
• জনস্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

নাগরিক সেবা:

উপজেলা পরিষদ মূলতঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং অন্যান্য অফিস যেমন উপজেলা শিক্ষা অফিস, উপজেলা কৃষি অফিস, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা সমাজ সেবা অধিদপ্তর, উপজেলা সমবায় অধিদপ্তর, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা পল্লী উন্নয়ন অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, উপজেলা মৎস্য অফিস, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ইত্যাদি অফিসের মাধ্যমে প্রায় সকল ধরনের নাগরিক সেবা দিয়ে থাকে।